BSAA Circular No. 12 /2023 Dt: 23-01-2023.

CHAIRMAN..........
SR. VICE-CHAIRMAN..........
18 JAN 2023

উন্নয়নের অক্সিজেন রাজস্ব | জনকল্যাণে রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম
web: www.chc.gov.bd, E-mail: customhousectg@gmail.com

নথি নং-০২(রপ্তানি)/ইজিএম/২০২০-২০২১/৫২২৫(৩)৪০ তারিখ: /০১/২০২৩ খ্রিঃ

**বিষয়: ইজিএম বাস্তবায়নের অগ্রগতি।**

সূত্র : ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৬৬.৩১.০০২.২২/৩৯৬, তারিখ-১৭/০৭/২০২২ খ্রিঃ।
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/২৬৩, তারিখ-১৪/০২/২০২২ খ্রিঃ।
৩। এ দপ্তরের পত্র নং-০২(রপ্তানি)/ইজিএম/২০২০-২০২১/২০৫২৪, তারিখ-২৭/০২/২০২২ খ্রিঃ।
৪। এ দপ্তরের পত্র নং-০২(রপ্তানি)/ইজিএম/২০২০-২০২১/১৪৭০২, তারিখ-১৭/০৮/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, রপ্তানিকৃত পণ্যের বিষয়ে নিশ্চিত হওয়া, মানি লন্ডারিং প্রতিহত করা এবং নির্ভরযোগ্য রপ্তানি পরিসংখ্যান পাওয়ার জন্য EGM মডিউলের প্রয়োজনীয়তা অপরিহার্য। রপ্তানি বাণিজ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে সকল বিল অব এক্সপোর্ট এর ক্ষেত্রে ইজিএম মডিউল বাস্তবায়ন করা, ইজিএম এর আওতায় বাধ্যতামূলক বিল অব লেডিং দাখিল নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রীয় পত্রের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু বারবার নির্দেশনা প্রদান করা সত্ত্বেও অদ্যাবধি জাতীয় রাজস্ব বোর্ড এবং এ দপ্তর হতে প্রেরিত পত্রের আলোকে অন-লাইনে শতভাগ বিল অব লেডিং দাখিল বাস্তবায়ন করা হচ্ছেনা। ASYCUDA World System-হতে কাস্টম হাউস, চট্টগ্রাম এর অধিভুক্ত ১৮ টি অফডকের বিগত ০১/১১/২০২২ খ্রি. হতে ৩১/১২/২০২২ খ্রি. পর্যন্ত ইজিএম মডিউল বাস্তবায়নের হার পর্যালোচনায় দেখা যায়, শুল্কায়িত বিল অব এক্সপোর্ট এর বিপরীতে তৈরিকৃত বিএল ইস্যুর গড় হার ২৪% যা খুবই হতাশাজনক।

০২। এমতাবস্থায়, ASYCUDA World System-এ ইজিএম মডিউল শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে আগামী ১৫/০২/২০২৩ খ্রি. এর মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আপনার অ্যাসোসিয়েশন ভুক্ত সকল শিপিং এজেন্ট এবং ফ্রেইট ফরওয়ার্ডার্সকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য পুনরায় অনুরোধ করা হলো। কোনো শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডার্স EGM মডিউল বাস্তবায়নের আওতায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে ব্যর্থ হলে কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এবং ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং এবং কার্য পরিচালনা) বিধিমালা, ২০০৮ অনুযায়ী আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে।

১৮/০১/২৩

(মোহাম্মদ নাহিদুন্নবী)
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে

প্রাপক: (১) সভাপতি, শিপিং এজেন্টস অ্যাসোসিয়েশন, ১০৮০, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
(২) সভাপতি, ফ্রেইট ফরওয়ার্ডার্স অ্যাসোসিয়েশন, আনওয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০), ১৭২৮, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

নথি নং-০২(রপ্তানি)/ইজিএম/২০২০-২০২১ তারিখ: /০১/২০২৩ খ্রিঃ

18 JAN 2023

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

০১। অতিরিক্ত কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০২। যুগ্ম কমিশনার-১/২/৩/৪, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৩। অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার (অফডক সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৪। সভাপতি, সিএন্ডএফ এজেন্টস অ্যাসোসিয়েশন, কাস্টম হাউস, চট্টগ্রাম।
০৫। পিএ-টু কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬। অফিস কপি।

(মোহাম্মদ নাহিদুন্নবী)
ডেপুটি কমিশনার অব কাস্টমস

BSAA 43
Received
Dated..........
23-01-23
Signature

D:\11111111111\OTHER FILE\Mos.docx